

## গোলটেবিল বৈঠক

প্রথম প্রান্তে : ক্রোড়পত্র : ১১৮

১২ জুলাই ২০১২, ১১ পৃষ্ঠা ৩০১২

# অতিদারিদ্র্য নিরসন : সামাজিক নিরাপত্তা কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহি'



ব্র্যাক অ্যাডভান্সেস ফর সোশ্যাল চেঞ্জ

২০ জুন ২০১২ গ্রন্থক আলোর উদ্যোগে 'অতিদারিদ্র্য নিরসন : সামাজিক নিরাপত্তা কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহি' শীর্ষক গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত হয়। সহযোগিতায় ছিল 'ব্র্যাক অ্যাডভান্সেস ফর সোশ্যাল চেঞ্জ'। এতে সংশ্লিষ্ট বিশেষজ্ঞরা আলোচনায় অংশ নেন। তাঁদের বক্তব্য এখানে সংক্ষিপ্ত আকারে ছাপা হলো :

## মোহাম্মদ ফরাসউদ্দিন

নগরদরিদ্রদের বিষয়ে আমার মত হলো, নগরের দরিদ্ররা ইচ্ছা করে দরিদ্র হয়েছে। যেকোনো সময় গ্রামে শ্রমিকের মজুরি ৩০০ থেকে ৩৫০ টাকা। বিশেষ সময় যেমন ধান কাটার মৌসুমে ৪০০ টাকার ওপরে চলে যায়। অথচ তারা গ্রামে ফিরে না গিয়ে নগরের ওপর বাড়তি চাপ তৈরি করছে। যদিও ঘরে ফেরা কর্মসূচি একটি বাড়ি একটি খামার সমালোচিত হচ্ছে। কিন্তু এটাই হলো সমরোপযোগী প্রকল্প। এটা সঠিকভাবে বাস্তবায়ন করতে পারলে শহরও বাচত, গ্রামও বাচত। আজ আমাদের দেশে নানা রকম চাপ আছে।



মোহাম্মদ ফরাসউদ্দিন

প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সরকারের ওপর চাপ পড়ছে। আমার প্রশ্ন হলো, দেশের বিত্তবান ১০ শতাংশ মানুষের কাছে ৩৫ শতাংশ সম্পদ ও আয় রয়েছে। কেন গণমাধ্যম ও সুশীল সমাজ তাদের ওপর চাপ সৃষ্টি করে না।

দারিদ্র্য নিরসনের জন্য সরকার অংশগ্রহণ কর্মসূচি, যা কর্মসংস্থান সৃষ্টি করতে, শিক্ষার স্বাভাবিক বাস্তব পরিস্থিতিতে ১৩ দশমিক ১১ ভাগ। এবার প্রস্তাবিত হয়েছে ১১ দশমিক ৩ ভাগ। আমাদের দেশে দারিদ্র্য দূর করার দুটি পথ রয়েছে। এক, কর্মসংস্থান সৃষ্টি করা। দুই, কর্মপক্ষে অষ্টম শ্রেণী পর্যন্ত কারিগরি শিক্ষা চালু করা। এবং দরিদ্রদের এই শিক্ষার আগ্রহীয় নিয়ে আসা।

আমরা যে ৩১ শতাংশ দারিদ্র্য এবং ১৭ শতাংশ অতিদারিদ্র্যের কথা বলছি এর মধ্যে ডিজঅ্যাবিলিটি এবং অটিজম আছে। ২০০১ সালের গণনা অনুযায়ী, এ সংখ্যা ১৪ লাখ। বর্তমান গণনায় আমরা অনেক অনুরোধ করা সত্ত্বেও এই প্রতিবন্ধীদের অন্তর্ভুক্ত করা হয়নি। বর্তমানে এদের সংখ্যা কত তার কোনো হিসাব নেই। কিন্তু বিশ্বব্যাংকের হিসাব অনুসারে ১০ শতাংশ মানুষ ডিজঅ্যাবিলিটি ও অটিজম। আমি মনে করি, গণমাধ্যম এবং সুশীল সমাজ সরকারের ওপর ডিজঅ্যাবল ও অটিজমের সঠিক সংখ্যা নির্ণয়ের জন্য চাপ সৃষ্টি করবে। তাদের প্রকৃত সংখ্যা নির্ণয় করে অর্থনৈতিক কর্মকাণ্ডে সম্পৃক্ত করতে হবে।

